**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে কৃষি কাজ ও গবাদি পশুপালন করে গ্রামীন জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্ব আরোপ করেন।**

**(২) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ ভার্চুয়ালভাবে রাজ্যের কয়েকটি ছাত্রাবাসের শিলান্যাস করেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লোকসভায় অপারেশন সিন্দুর নিয়ে বিতর্কের জবাব দিচ্ছেন।**

**(৪) চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় জুয়েলস এসোসিয়েশন জয়লাভ করেছে।**

**************************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে কৃষি কাজ ও গবাদি পশুপালন করে গ্রামীন জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্ব আরোপ করেন। আজ গোমতি জেলার টেপানিয়া ব্লকের বাগমা এগ্রি প্রোডিউসার কোম্পানির ক্যাম্পাস পরিদর্শনকালে কৃষকদের আর্থিক ক্ষমতায়ন নিয়ে আলোচনা সভায় তিনি এই গুরুত্ব আরোপ করেন। সেখানে কৃষকদের সঙ্গে মত বিনিময়কালে রাজ্যপাল বলেন, কৃষিকাজে কৃষি বিজ্ঞান কেন্দ্রের পরামর্শ নিয়ে কাজ করা উচিত।

######Byte-Governor#####

উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার, গোমতী জেলার জেলাশাসক রিংকু লাথের প্রমুখ।

******************************

**Dharmendra Pradhan :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন যে জাতীয় শিক্ষা নীতি ২০২০ একটি দার্শনিক কাঠামো হিসেবে কাজ করে যা সার্বজনীনভাবে বিশ্বমানের শিক্ষার প্রচারের জন্য পরিকল্পনা করা হয়েছে এবং এটি ২০৪৭ সালের উন্নত ভারতের লক্ষ্য অর্জনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পথ হয়ে উঠেছে। আজ নতুনদিল্লিতে অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫-এর উদ্বোধনী অধিবেশনে বক্তৃতায় তিনি একথা বলেন।

#####Byte- Dharmendra Pradhan#####

এই অনুষ্ঠানে সারা দেশে সার্বিক সাফল্যের নিরিখে নির্বাচিত পি.এম শ্রী বিদ্যালয়গুলির নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়। এরমধ্যে রয়েছে রাজ্যের ৮টি বিদ্যালয়। বিদ্যালয়গুলি হল ধলাই জেলার পি এম শ্রী বড়লুৎমা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, গোমতি জেলার পি এম শ্রী দক্ষিণ অমরপুর টাউন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, খোয়াই জেলার পি এম শ্রী বটতলী হাইস্কুল, উত্তর জেলার পি এম শ্রী ধর্মনগর সরকারী বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। তাছাড়া অন্যান্য বিদ্যালয়গুলি হল সিপাহীজলা জেলার পি এম শ্রী এন সি ইনস্টিটিউশন, দক্ষিণ জেলার পি এম সাব্রুম বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, ঊনকোটি জেলার পি এম শ্রী নুরপুর এস বি স্কুল ও পশ্চিম জেলার পি এম শ্রী কামিনী কুমার সিং মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়।

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ ভার্চুয়ালভাবে কাঞ্চনপুরে উজান মাছমারা মাধ্যমিক বিদ্যালয়ে ৫০ আসন বিশিষ্ট ২টি উপজাতি ছাত্র এবং ছাত্রী আবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

তিনি ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্পে মুঙ্গিয়াকামি আর ডি ব্লকের অন্তর্গত নোনাছড়া এডিসি ভিলেজে নবজয় রিয়াং পাড়া জে.বি. স্কুলের ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ভার্চুয়ালভাবে উদয়পুর মহকুমার তৈনানি গ্রামে পি কে সি পাড়া এইচ এস স্কুলে ছাত্রাবাসের শিলান্যাস করেন। তাছাড়া পিএম জনমন ও ধরতী আবা জনভাগিদারী অভিযান প্রকল্পে শান্তিরবাজার মহকুমার ৪টি স্কুলের ৬টি উপজাতি ছাত্রাবাস ও ছাত্রীনিবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

আজ নয়াদিল্লির ভারত মন্ডপমে আয়োজিত 'অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫' শীর্ষক সেমিনারে রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মনও উপস্থিত ছিলেন।

****************************

**Package Story-NEP 2020 :**

নতুন জাতীয় শিক্ষা নীতি ২০২০ আজকের দিনে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন পেয়েছিলো। রাজ্যেও এই নীতি অনুসরণ করে ব্যাপক পরিকাঠামোগত পরিবর্তন হচ্ছে। পাশাপাশি নানারকম বিষয় সর্বাত্মক ইতিবাচক রূপান্তর দেখা যাচ্ছে। একটি প্রতিবেদন।

#########VC########

****************************

**AIDSO :**

নবজাগরণের পথিকৃৎ পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আজ প্রয়াণ দিবস। এই উপলক্ষে আগরতলায় এক অনুষ্ঠানে বিদ্যাসাগরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন AIDSO, AIDYO ও AIMSS সংগঠনের নেতৃবৃন্দ। AIDSO-এর রাজ্য সম্পাদক রামপ্রসাদ আচার্য বিদ্যাসাগরের সমাজ সংস্কারমূলক ভূমিকা, নারী শিক্ষা, বিধবা বিবাহ প্রবর্তন সহ তাঁর প্রগতিশীল চিন্তাধারা নিয়ে আলোচনা করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে পহেলগাম সন্ত্রাসী হামলার পর ভারত পাকিস্তানকে উপযুক্ত জবাব দিয়েছে এবং ভারতীয় সশস্ত্র বাহিনী মাত্র ২২ মিনিটের মধ্যে ২২তম সন্ত্রাসী হামলার প্রতিশোধ নিয়েছে। তিনি বলেন যে ভারত বিশ্বকে দেখিয়ে দিয়েছে যে তারা পাকিস্তানের পারমাণবিক হুমকির কাছে মাথা নত করবে না। তিনি মধ্যস্থতার দাবি অস্বীকার করে বলেন যে কোনও বিশ্ব নেতা অপারেশন সিন্দুর বন্ধ করার জন্য বলেননি।

লোকসভায় অপারেশন সিন্দুরের উপর বিশেষ আলোচনার জবাবে প্রধানমন্ত্রী বলেন, অপারেশন সিন্দুরের সময় ভারত পাকিস্তানের গভীরে অবস্থিত সন্ত্রাসী শিবিরগুলি ধ্বংস করে দিয়েছে। তিনি বলেন, অপারেশনের সময় বিশ্ব স্বনির্ভর ভারতের শক্তি প্রত্যক্ষ করেছে এবং ভারতে তৈরি ড্রোন এবং ক্ষেপণাস্ত্র পাকিস্তানি অস্ত্র ও গোলাবারুদের সক্ষমতা প্রকাশ করেছে। তিনি বলেন, অপারেশন সিন্দুরের সময় দেশের বাহিনী পরিকল্পিত অভিযানটি

নির্ভুল ভাবে সম্পাদন করেছে এবং পাকিস্তান তা থামাতে অক্ষম ছিল। তিনি আরও বলেন, অভিযানে পাকিস্তানের বিমান ঘাঁটি এবং সম্পদের ব্যাপক ক্ষতি হয়েছে। তিনি বলেন, অপারেশন সিন্দুরের মাধ্যমে ভারত স্পষ্ট করে দিয়েছে যে, যদি ভারতে কোনও সন্ত্রাসী হামলা হয়, তবে তারা নিজস্ব পদ্ধতিতে জবাব দেবে।

*******************************

**Loksabha–Operation Sindoor :**

লোকসভায় আজ অপারেশন সিন্দুর বিষয়ে আলোচনায় অংশ নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, গতকাল অপারেশন মহাদেবের সময় ভারতীয় সেনাবাহিনী, সি.আর.পি.এফ এবং জম্মু ও কাশ্মীর পুলিশের অভিযানে পহেলগাম সন্ত্রাসী হামলায় জড়িত তিন সন্ত্রাসী, সুলেমান শাহ, জিবরান এবং হামজা আফগানি নিহত হয়েছে। তিনি বলেন, সন্ত্রাসীদের কাছ থেকে তিনটি রাইফেল জব্দ করা হয়েছে, যেগুলি পহেলগাম সন্ত্রাসী হামলায় ব্যবহৃত হয়েছিল।

######Byte–Amit Shah#####

শ্রী শাহ নরেন্দ্র মোদী সরকারের সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির কথাও উল্লেখ করেন।

সবকিছুকে রাজনীতিকরণের জন্য তিনি বিরোধীদের তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, পাকিস্তানের ডিজিএমও ১০ই মে ভারতের ডিজিএমওকে ফোন করেছিলেন এবং তার পরে যুদ্ধবিরতি ঘোষণা করা হয়েছিল।

আলোচনায় অংশ নিয়ে লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধী পাকিস্তান একটি পরিকল্পিত আক্রমণ সংগঠিত করেছে। তিনি বলেন, অপারেশন সিন্দুরের সময় বিরোধীরা সরকারের পাশে ছিল।

আলোচনায় অংশ নেন ডিএমকে-র কে কানিমোঝি, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, শিবসেনার শ্রীকান্ত শিন্ডে, টিএমসির সায়নী ঘোষ, বিজেপির নিশিকান্ত দুবে।

****************************

**Operation Sindoor-Rajyasabha :**

রাজ্যসভায় পহেলগামে সন্ত্রাসী হামলার জবাবে ভারতের শক্তিশালী, সফল এবং নির্ণায়ক অপারেশন সিন্দুর নিয়ে বিশেষ আলোচনা হয়েছে। আলোচনার শুরুতে, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জম্মু ও কাশ্মীরে তিনজন সন্ত্রাসীকে নির্মূল করার জন্য ভারতীয় সেনাবাহিনী এবং নিরাপত্তা বাহিনীকে অভিনন্দন জানান। তিনি বলেন যে অপারেশন সিন্দুরের উদ্দেশ্য ছিল সন্ত্রাসীদের আস্তানা ধ্বংস করা এবং ভারতের সন্ত্রাসবাদের বিরুদ্ধে শূন্য সহনশীলতার একটি স্পষ্ট বার্তা পাঠানো।

আলোচনায় অংশ নিয়ে রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়্গে অপারেশন সিন্দুরের সময় যুদ্ধবিরতি ঘোষণার জন্য প্রশ্ন তোলেন।

****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ ফটিকরায় আম্বেদকর কলেজের মিলনায়তনে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২০২৪-২৫ সালে মঞ্জুরীকৃত কাজকর্মের বাস্তবায়ন এবং চলতি অর্থবছরের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ভারপ্রাপ্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, কুমারঘাটের S.D.M এন.এস.চাকমা সহ বিভিন্ন পঞ্চায়েতের প্রধান -উপ-প্রধানগণ। বৈঠকে পূর্ত, পানীয় জল ও স্বাস্থ্যবিধি, গ্রামোন্নয়ন, বিদ্যুৎ, জলসম্পদ প্রভৃতি দপ্তরের পদস্থ আধিকারিকরাও অংশ নেন।

******************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় জুয়েলস এসোসিয়েশন জয়লাভ

করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় জুয়েলস এসোসিয়েশন ৫–২ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮.৫ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ১০০ শতাংশ এবং সর্বনিম্ন ৭৪ শতাংশ।

*****************************